



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
রাজশাহী পার্বত্য জেলা

www.rhdc.gov.bd, Email: chairman@rhdc.gov.bd

স্মারক নং-২৯.৩৪.৮৪০০.২০৭.৩৩.০০৩.২৬- ১৬


তারিখ: ২৬/০৪/২০২৬খ্রি.

২০২৫-২০২৬ অর্থ বছরের শিক্ষা উপবৃত্তি বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ অর্থ বছরের 'শিক্ষা উপবৃত্তি' প্রদানের লক্ষ্যে দেশের বিভিন্ন কলেজ/ইনস্টিটিউট/বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান যথাক্রমে উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান পর্যায়ে অধ্যয়নরত রাজশাহী পার্বত্য জেলার স্থায়ীভাবে বসবাসকারী ছাত্র-ছাত্রীদের নিকট হতে 'শুধুমাত্র অনলাইনে' শিক্ষাবৃত্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে। পরিষদের ওয়েবসাইট www.rhdc.gov.bd অথবা <https://www.scholarship.rhdc.gov.bd> -তে আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক নিম্নোক্ত সনদসমূহের মূলকপি স্ক্যান করে নির্ধারিত সাইজে আপলোড করে আবেদন সম্পন্ন করতে হবে।

শর্তাবলী:

- ১। আবেদনকারীর অবশ্যই সচল বিকাশ (Bikash) Personal নম্বর হতে হবে। তবে নিজ-পিতামাতা ও আপন ভাই-বোনদের বিকাশ মোবাইল নম্বর গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, অনলাইনে নির্ধারিত ফরমে ইনপুট দেয়া বিকাশ মোবাইল নম্বর ভুল হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না;
- ২। আবেদনের জন্য নূন্যতম জিপিএ ৫.০০ স্কেলে জিপিএ ২.৫০ এবং জিপিএ ৪.০০ স্কেলে নূন্যতম জিপিএ ২.০০ থাকতে হবে;
- ৩। ২০২৪-২৫ অর্থ বছরের শিক্ষা উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের একই/ঐ ফলাফল দিয়ে চলতি অর্থ বছরের ২০২৫-২০২৬ আবেদন করা যাবে না। নতুন/হালনাগাদ ফলাফল দিয়ে আবেদন করতে হবে;
- ৪। পৌর প্রশাসক/ইউপি চেয়ারম্যান/মেম্বার কর্তৃক প্রদত্ত পিতা/অভিভাবকের বাৎসরিক আয়ের হালসনদ এবং পিতা/অভিভাবক চাকুরিজীবী হলে চাকুরিরত প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত বাৎসরিক আয়ের হালসনদ (পূর্বের ইস্যুকৃত প্রত্যয়ন গ্রহণযোগ্য নয়);
- ৫। জেলা প্রশাসক/সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদপত্র (Size=300KB) PDF Format;
- ৬। শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের স্বপক্ষে বিভাগীয় প্রধানের হালসনদ প্রত্যয়ন পত্র (Size=300KB) PDF Format; এবং সর্বশেষ সেমিস্টার/বর্ষের মার্কশীট সংযুক্ত করতে হবে। (Size=৫০০KB) PDF Format; (পূর্বের ইস্যুকৃত প্রত্যয়ন গ্রহণযোগ্য নয়);
- ৭। আবেদনকারীর সকল শিক্ষাগত যোগ্যতা সনদপত্র (Size=900KB) PDF Format; ক্রমিকের ০৪ হতে ০৭ পর্যন্ত সকল ডকুমেন্ট নির্ধারিত সাইজে স্ক্যান করে PDF Format আকারে অনলাইনে আপলোড করতে হবে;
- ৮। দাপ্তরিক কাজে ব্যবহারযোগ্য আবেদনকারীর সম্প্রতি তোলা রংগিন পাসপোর্ট সাইজের ছবি- [৩০০×৩০০] পিক্সেল Size= 100KB. এবং স্বাক্ষর- [৩০০×৮০] পিক্সেল Size= 80KB. স্ক্যান করে JPEG/PNG ফরম্যাটে অনলাইন নির্ধারিত স্থানে আপলোড করতে হবে;
- ৯। অনলাইনে আবেদন ফরমে ইনপুটকৃত ফলাফল সংযুক্তি ফলাফলের সাথে মিল না থাকলে আবেদন বাতিল বলে গণ্য হইবে;
- ১০। আবেদনের সময়সীমা আগামী ২৬/০৪/২০২৬খ্রি. হতে ২৫/০৫/২০২৬খ্রি. রাত ১২.০০ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।
- ১১। আবেদনকারীর সনদপত্রে কোন প্রকার অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট আবেদনকারীর আবেদন বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১২। অনলাইন ব্যতিত সরাসরি বা ডাকযোগে শিক্ষাবৃত্তির আবেদন গ্রহণ করা হবে না।



(কৃষিবিদ কাজল তালুকদার)
চেয়ারম্যান
ফোন: ০২৩৩৩৩৭১৬২৭

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৩। ভাইস চ্যান্সেলর, রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহী পার্বত্য জেলা।
- ৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাজশাহী।
- ৫। জেলা প্রশাসক, রাজশাহী পার্বত্য জেলা।
- ৬। পুলিশ সুপার, রাজশাহী পার্বত্য জেলা।
- ৭। জনাব.....সদস্য (সকল), রাজশাহী পার্বত্য জেলা পরিষদ
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, সদর/নানিয়ারচর/বরকল/বিলাইছড়ি/বাঘাইছড়ি/লংগদু/কাউখালী/কাপ্তাই/রাজস্থলী/জুরাছড়ি রাজশাহী পার্বত্য জেলা।
- ৯। প্রশাসক, রাজশাহী পৌরসভা, রাজশাহী।
- ১০। অধ্যক্ষ রাজশাহী পার্বত্য জেলা।
- ১১। জেলা তথ্য কর্মকর্তা, রাজশাহী পার্বত্য জেলা। [বহল প্রচারের জন্য আপনাকে অনুরোধ করা হলো]
- ১২। ইউনিয়ন চেয়ারম্যান.....(সকল), রাজশাহী পার্বত্য জেলা।
- ১৩। জনাব(সকল) কর্মকর্তা, রাজশাহী পার্বত্য জেলা পরিষদ।
- ১৪। নোটিশ বোর্ড/ওয়েবসাইট, রাজশাহী পার্বত্য জেলা পরিষদ।

কার্যার্থে:

- ১। সম্পাদক রাজশাহী। বিজ্ঞপ্তিটি আগামী ২৩-২৫ এপ্রিল, ২০২৬ এর মধ্যে ১)বার (৩ কলাম ৫ ইঞ্চি সাইজের) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।


(খোন্দকার মোহাম্মদ রিজউল করিম)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
রাজশাহী পার্বত্য জেলা পরিষদ